ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৬২৬.০৭.০১২.২৩** নথির বিষয়: Supply of Different Types of Racks, Shelves, and Cabinets for Stores in SKWP.

নোট: ১ নোটের বিষয়: **Supply of Different Types of Racks, Shelves and Cabinets for Stores in SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১২/৮/২৩ ৩:১৬ অপরাহ্ণ

সংযুক্তি সমূহ দয়া করে দেখা যেতে পারে। আলোচ্য প্লান্টটি SCADA সিষ্টেমের মাধ্যমে চালিত ঢাকা ওয়াসার একটি অটোমোটেড মডেল প্লান্ট। প্ল্যান্টির সর্বোচ্চ পানি উৎপাদন ক্ষমতা দৈনিক ১৫ (পনের) কোটি লিটার। আলোচ্য "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এ ২টি আয়রন রিমুভাল প্লান্ট (IRP), ৪৫টি গভীর নলকূপ (DTW) (পরবর্তীতে ৪৬টি গভীর নলকূপ হবে) ও ২টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা রয়েছে। বর্তমানে বৃহত্তর মিরপুর এলাকার দৈনিক প্রায় ১৪.৫০ কোটি লিটার পানি সরবরাহ করা হচ্ছে। আলোচ্য প্লান্টের রক্ষনাবেক্ষন কাজের জন্য সংগ্রহকৃত স্পেয়ার ইকুপমেন্ট সংরক্ষনের জন্য নতুন ষ্টোর নির্মান করা হয়েছে। এছাড়া পুরাতন ও নষ্ট স্পেয়ার মালামাল সংরক্ষন করার জন্য IRP#2 এর স্যান্ড ফিল্টারের নিচে ষ্টোর নির্মান করা হয়েছে। সেপ্রেক্ষিতে উক্ত ষ্টোরে মালামালগুলো রাখার জন্য এম. এস. রেক বা সেল্ভ সংগ্রহ করা প্রয়োজন। এছাড়া প্লান্টের অফিস বিল্ডিং এর ডাইনিং রুমের জন্য কিছু সংখ্যক চেয়ার ক্রয় করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১২/৮/২৩ ৪:১৩ অপরাহ্ণ

সেপ্রেক্ষিতে ষ্টোরের সার্ফেস এরিয়া (সংযুক্তিঃ ০১) অনুযায়ী উক্ত রেক/সেল্ভ সংগ্রহ করার জন্য ক্রয় করার জন্য PWD Schedule of Rates 2022 অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট ৯,৯৯,৯৯৭/- (টাকা নয় লক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতানব্বই) টাকা মাত্র (সংযুক্তিঃ ০২)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় এর ক্রমিক নংঃ ২৮, খুচরা যন্ত্রাংশ (শোধনাগার) (কোড ০১-০৪-০২৫) খাত (সংযুক্তিঃ ০৩) ও ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরকল্পনার ক্রমিক নংঃ ১৩৮ (G66) হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০৪)।

সংযুক্তিসমূহ (৪):
১। মূল ষ্টোরের সার্ফেস এরিয়ার ড্রয়িং।.
২। ক্যালকুলেশন ও প্রস্তাবিত প্রাক্কলন।.
৩। ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।.
৪। ২০২৩-২৪ অর্থ অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১২/৮/২৩ ৪:১৫ অপরাহ্ণ

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ ও ১.১ এর বর্ননার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর আওতায় Supply of Different Types of Racks, Shelves and Cabinets for Stores in SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্নিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহব্বানের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তারিক প্রাক্কলিত সর্বমোট ৯,৯৯,৯৯৭/- (টাকা নয় লক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতানব্বই) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় এর ক্রমিক নংঃ ২৮, খুচরা যন্ত্রাংশ (শোধনাগার) (কোড ০১-০৪-০২৫) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আলোচ্য উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৫/৮/২৩ ১০:০৪ অপরাহ্ন
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট



১৫/৮/২৩ ১০:১৬ অপরাহ্ন
কাজী বিল্লাল হোসেন
সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

~~১৫/৮/২৩ ১০:১৬ অপরাহ্ন~~
~~মাসুদুল আলম~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৬/৮/২৩ ১২:০৭ পূর্বাহ্ন

উপরোক্ত বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



১৬/৮/২৩ ১২:০৭ পূর্বাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

~~১৬/৮/২৩ ১২:০৭ পূর্বাহ্ন~~
~~মির্জা গোলাম কিবরিয়া~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী~~
~~পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৬/৮/২৩ ৬:২৯ পূর্বাহ্ন

Approved.



১৬/৮/২৩ ৬:২৯ পূর্বাহ্ন
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

~~১৬/৮/২৩ ৬:২৯ পূর্বাহ্ন~~
~~মাসুদুল আলম~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৮/৮/২৩ ১০:১৭ অপরাহ্ন

অনুচ্ছেদ ১.৪ এর অনুমোদনের আলোকে দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।



১৮/৮/২৩ ১০:১৭ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

~~১৮/৮/২৩ ১০:১৭ অপরাহ্ন~~
~~মোঃ আবুল কালাম আজাদ~~
~~উপ সহকারী প্রকৌশলী~~
~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট~~

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৯/৮/২৩ ৯:৩৬ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.৫ এর নির্দেশনার প্রেক্ষিতে দরপত্র আহব্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নথিটি নিস্পন্নের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

১৯/৮/২৩ ৯:৩৬ পূর্বাহ্ন
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

~~১৯/৮/২৩ ৯:৩৬ পূর্বাহ্ন~~
~~মাসুদুল আলম~~
~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট~~

অনুচ্ছেদ ১.৭ - তারিখঃ ১৯/৮/২৩ ৭:২১ অপরাহ্ন

অনুমোদিত।



১৯/৮/২৩ ৭:২৩ অপরাহ্ন
মাসুদুল আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট

২১/৮/২৩ ৯:৩৩ পূর্বাহ্ন
মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার কেরাণীগঞ্জ ওয়েলফিল্ড প্ল্যান্ট